


কমিউনিটি টয়লেট এখন আস্তু মাছ-মাংসের দোকান !



কমিউনিটি শৌচালয়েই চলছে মাছ-মাংসের দোকান।

নিজস্ব সংবাদদাতা, হুগলি : লক্ষাধিক টাকা খরচ করে কমিউনিটি টয়লেট তৈরি করেছিল সরকার। কালে কালে সেটিই হয়ে গিয়েছে মাছ-মাংসের দোকান। দিনে যেখানে কাতলা, মুরগি বিক্রি হচ্ছে, রাতে সকলের চোখের আড়ালে সেখানেই গজিয়ে উঠছে মদের আখড়া। এমনই ঘটনা ঘটেছে হুগলির রাজহাট পঞ্চায়তের রাজহাট মোড় সংলগ্ন এলাকায়।

বেশ কয়েক বছর আগেই রাজহাট মোড় ও বাড়োল মোড়ে ২ লক্ষ টাকা খরচ করে গড়ে উঠেছিল কমিউনিটি টয়লেট। কিন্তু, বর্তমানে রাজহাট মোড়ের কমিউনিটি টয়লেটের সামনে রীতিমতো মাছ, মুরগির দোকান বসেছে। মুরগির দোকানের সমস্ত জিনিসপত্র রাখা রয়েছে সেই টয়লেটের ভিতরে। পাশের আরেকটি টয়লেটে ঢুকে দেখা যাচ্ছে, সেখানে মদ খাওয়ার আখড়া। বিষয়টি নিয়ে মুরগির দোকানের মালিককে জিজ্ঞাসা করা হলে তিনি জানান, ফাঁকা

ছিল তাই জিনিসপত্র ঢুকিয়ে রেখে দিয়েছেন।

এলাকার মানুষ জানান, এলাকায় একটি কমিউনিটি টয়লেটের অবশ্যই দরকার। রাজহাট মোড়ে কমিউনিটি টয়লেট হলেও সেটি আজ অবধি চালু হয়নি। এখন এটাই প্রশ্ন যে এই কমিউনিটি টয়লেট যদি চালুই না করা যায়, তবে লক্ষাধিক টাকা খরচ করে তা তৈরিই বা করা হল কেন। একই অবস্থা রাজহাট মোড় থেকে একটু এগিয়ে বাড়োল মোড় এলাকায়। সেখানেও টয়লেট তৈরি হয়ে পড়ে থাকলেও তা চালু করা যায়নি।

এ বিষয়ে চুঁচুড়ার বিধায়ক অসিত মজুমদার জানান, “এইসব টয়লেট তৈরি করার পর রক্ষণাবেক্ষণের জন্য টেন্ডার প্রসেস করা হয়, আমরা টেন্ডার প্রসেস করলেও টেন্ডারে কেউ অংশগ্রহণ করেনি তাই এখনও এভাবে পড়ে আছে। তবে যদি কেউ দোকানের জিনিসপত্র ভিতরে রাখে সেটা অবশ্যই দেখব।”